

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৩.২৯৬

তারিখ: ১০ আগস্ট ২০২৩

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচির (ইরেসপো) কর্মরত এআরডিও ও হিসাব সহকারী কর্তৃক তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন না করার কারণে বিভিন্ন উপজেলায় আর্থিক অনিয়ম সংঘটিত হচ্ছে। প্রকল্প/কর্মসূচির আর্থিক শৃঙ্খলা রক্ষার স্বার্থে ও বিভিন্ন ধরনের আর্থিক অনিয়ম রোধকল্পে কর্মসূচিতে কর্মরত এআরডিও ও হিসাব সহকারীদের মাসিক বেতন-ভাতা পরিশোধের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে কর্মসূচি সদর দপ্তর হতে নামের তালিকা প্রকাশের পর বেতন-ভাতা পরিশোধযোগ্য হবে:

ক. এআরডিওদের ক্ষেত্রে প্রতি মাসে ৬টি (ছয়) সমিতি/দল (প্রত্যেক মাঠ সংগঠনগত ২টি করে) with data-সহ wcs/mcs এ উল্লেখিত প্রত্যেক সদস্যের সঞ্চয় ও খণের অর্থ সঠিকভাবে যাচাই করে উক্ত wcs/mcs শীটে সদস্যের বিপরীতে সঠিক রয়েছে মর্মে মন্তব্য লিখে শীটের নিচে তারিখ উল্লেখপূর্বক স্বাক্ষর করে প্রমাণকর্মসূচির সদর দপ্তরে ই-মেইল অথবা IRESPPW-2nd Phase (Mobile no. 01896037770) এ Whats App এর মাধ্যমে প্রেরণ করতে হবে। সমিতিতে গমনের বিষয়টি প্রত্যেক এআরডিওর ব্যক্তিগত ও প্রকল্প হতে সরবরাহকৃত কর্পোরেট মোবাইল নম্বরে ট্র্যাকিং এর মাধ্যমে সঠিকতা যাচাই করা হবে।

খ. হিসাব সহকারীগণ প্রতিদিনের ঋণ ও সঞ্চয় সংক্রান্ত লেনদেন প্রতিদিন সমাপ্ত করবেন এবং মাস শেষে আবশ্যিকভাবে ৪টি ব্যাংক হিসাবের মাসিক জমা-খরচ হিসাব ইউআরডিও, এআরডিও ও হিসাব সহকারীর স্বাক্ষরে ব্যাংক স্ট্যাটমেন্টসহ কর্মসূচির সদর দপ্তরে ই-মেইলে প্রেরণ করতে হবে।

গ. এআরডিও ও হিসাব সহকারী প্রতি মাসে ন্যূনতম ২টি সমিতি/দলের সদস্যদের পাশবহি অডিট করে পাশ বইয়ে লাল কালি দিয়ে নিরীক্ষণে সঠিক পাওয়া গেছে উল্লেখপূর্বক তারিখসহ স্বাক্ষর করে প্রমাণকর্মসূচির সদর দপ্তরে ই-মেইল অথবা IRESPPW-2nd Phase (Mobile no. 01896037770) এ Whats App এর মাধ্যমে প্রেরণ করতে হবে। সমিতি/দলে গিয়ে সদস্যদের উপস্থিতিতে পাশ বহি অডিট করতে হবে এবং কোন অবস্থাতেই সদস্যের পাশ বহি অফিসে এনে অডিট করা যাবে না। সমিতিতে গমনের বিষয়টি ব্যক্তিগত ও প্রকল্প হতে সরবরাহকৃত কর্পোরেট মোবাইল নম্বরে ট্র্যাকিং এর মাধ্যমে সঠিকতা যাচাই করা হবে।

২। উপরোক্ত নির্দেশনার বতায় ঘটিয়ে কর্মসূচির এআরডিও ও হিসাব সহকারীদের বেতন-ভাতা পরিশোধ করা হলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী হবেন।

৩। প্রকল্প/কর্মসূচির স্বার্থে জারিকৃত আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ফোন : ৪১০১০৩৪১

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.১৪.৪০৪.১৩.২৯৬

তারিখ: ১০ আগস্ট ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা:.....(প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল জেলা)।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,(প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি,..... (প্রকল্প/কর্মসূচিভুক্ত সকল উপজেলা)।
৬. পরিচালক (সরেজমিন/পরিকল্পনা) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস নথি।

শরিফুল ইসলাম
সহকারী পরিচালক